

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩০৩

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর ৫০/

পরিচ্ছেদঃ সূরা আল-হাশর

بَابُ: وَمِنْ سُورَةِ الْحَشْرِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدٍ الزَّعْفَرَانِيُّ، حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ، حَدَّثَنَا حَبِيبُ بْنُ أَبِي عَمْرَةَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ، فِي قَوْلِ اللَّهِ عَزَّ وَجَلَّ : (مَا قَطَعْتُمْ مِنْ لَيْنَةٍ أَوْ تَرَكْتُمُوهَا قَائِمَةً عَلَى أُصُولِهَا) . قَالَ اللَّيْنَةُ النَّخْلَةُ يُخْزِي الْفَاسِقِينَ) قَالَ اسْتَنْزَلُوهُمْ مِنْ حُصُونِهِمْ قَالَ وَأَمَرُوا بِقَطْعِ النَّخْلِ فَحَكَ فِي صُدُورِهِمْ . فَقَالَ الْمُسْلِمُونَ قَدْ قَطَعْنَا بَعْضًا وَتَرَكْنَا بَعْضًا فَلَنَسَأَلَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَلْ لَنَا فِيهَا قِطْعَانَا مِنْ أَجْرٍ وَهَلْ عَلَيْنَا فِيهَا تَرْكُنَا مِنْ وَزْرِ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى : (مَا قَطَعْتُمْ مِنْ لَيْنَةٍ أَوْ تَرَكْتُمُوهَا قَائِمَةً عَلَى أُصُولِهَا) . الْآيَةُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ .

وَرَوَى بَعْضُهُمْ، هَذَا الْحَدِيثَ عَنْ حَفْصِ بْنِ غِيَاثٍ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي عَمْرَةَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، مُرْسَلًا وَلَمْ يَذْكُرْ فِيهِ عَنْ ابْنِ عَبَّاسٍ . حَدَّثَنِي بِذَلِكَ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، حَدَّثَنَا هَارُونُ بْنُ مُعَاوِيَةَ، عَنْ حَفْصِ بْنِ غِيَاثٍ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي عَمْرَةَ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُرْسَلًا .

বাংলা

৩৩০৩. হাসান ইবন মুহাম্মদ যা'ফরানী (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেঃ (مَا قَطَعْتُمْ مِنْ لَيْنَةٍ أَوْ) — তোমরা যে খেজুর বাগান গুলো কেটে ফেলেছ এবং যে গুলো কান্ডের উপর স্থির রেখে দিয়েছ (সূরা হাশর ৫৯ঃ ৫) আল্লাহর এ বাণী সম্পর্কে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ (لَيْنَةٍ) অর্থ খেজুর গাছ। তা এ জন্য যে, আল্লাহ পাপাচারীদেরও লাক্ষিত করবেন। (সূরা হাশর ৫৯ঃ ৫)

ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু বলেনঃ তাদের (বনু নাযীর গোত্রের ইয়াহুদীদের) কেল্লা থেকে নেমে আসতে এবং আত্মসমর্পন করতে নির্দেশ দেওয়া হয়। এতদুদ্দেশ্যে তাদের খেজুর গাছ গুলো কেটে ফেলতেও সাহাবীদের নির্দেশ দেওয়া হয়। বিষয়টি নিয়ে তাদের মাঝে কিছু দ্বিধা সন্দেহের উদ্বেক হয়। সাহাবীগণের কেউ কেউ বললেনঃ আমরাতো কিছু খেজুর গাছ কেটে ফেলেছি আর কিছু রেখে দিয়েছি। এই বিষয়ে অবশ্যই রাসসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে প্রশ্ন করব যে আমরা যেগুলো কেটেছি তাতে কি কোন ছাওয়াব পাব আর যেগুলো ছেড়ে রেখে দিয়েছি সেগুলোর জন্য কি আমাদেরও কোন গুনাহ হবে? এতদপ্রসঙ্গে আল্লাহ তা'য়ালার নাযিল করলেনঃ

مَا قَطَعْتُمْ مِنْ لِينَةٍ أَوْ تَرَكْتُمُوهَا قَائِمَةً عَلَى أُصُولِهَا

হাদীসটি হাসান-গারীব। কোন কোন রাবী এ হাদীসটি হাফস ইবন গিয়াছ ... হাবীব ইবন আবু আমরা ... সাঈদ ইবন জুবায়র (রহঃ) সূত্রে মুরসাল রূপে বর্ণনা করেছেন। এতে ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু এর উল্লেখ নেই। আবদুল্লাহ ইবন আবদির রহমান (রহঃ) ... সাঈদ ইবন জুবায়র (রহঃ) সূত্রে মুরসাল রূপে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেন। ইমাম আবু ঈসা তিরমিযী (রহঃ) বলেন মুহাম্মদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ) এই হাদীসটি আমার নিকট থেকে শুনেছেন।

English

Hafs bin Ghiyath narrated:

“Habib bin Abi Amrah narrated to us, from Sa’eed bin Jubair, from Ibn Abbas, regarding the saying of Allah, the Mighty and Sublime: What you cut down of the Linah, or you left of them standing on their trunks – he said: ‘The Linah is the date-palms.’ That He might disgrace the rebellious. He said: ‘They were forced from their forts.’ And they were ordered to cut down the date-pals, that caused some hesitation in their chests, so the Muslims said: “We cut some of them, and we left some of them, so let us ask the Messenger of Allah is we are to be rewarded for those that we cut down, and if we will be burdened for what we left?” So Allah [Most High] revealed the Ayah: What you cut down of the Linah, or you left of them standing on their trunks.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38694>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন